# উপজেলা পরিষদ

# ধোবাউড়া, ময়মনসিংহ।

## উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী ঃ

| | |
|---|---|
| সভাপতি | ঃ ডেভিড রানা চিসিম<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান<br>ধোবাউড়া, ময়মনসিংহ। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ হলরুম। |
| সভার তারিখ | ঃ ২৮-০২-২০২২ খ্রিঃ। |
| সভার সময় | ঃ বেলা ১১.০০ ঘটিকা। |
| সভা নং | ঃ ৩৫। |

**সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট "ক" ও "খ" দ্রষ্টব্য।**

উপজেলা পরিষদের চেয়ারম্যান, **জনাব ডেভিড রানা চিসিম**, উপস্থিত সম্মানিত সদস্যগণসহ, বিভাগীয় প্রধানগণকে সভায় স্বাগত জানিয়ে সভা শুরু করেন। শুরুতেই তিনি নব যোগদানকৃত অফিসারগণকে শুভেচ্ছা জানান এবং পরিচয় করিয়ে দেন। তিনি বলেন, অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নে ভিজিডি, বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা ভোগীদের বিভিন্ন রকম অভিযোগ পাওয়া যাচ্ছে। তাদেরকে সংশ্লিষ্ট দপ্তরের মাধ্যমে সেবা নিশ্চিত করার ব্যাপারে উপস্থিত সকল সদস্যদের দৃষ্টি কামনা করেন। পাশাপাশি তিনি কাবিটার বরাদ্দ দিয়ে বন্যাজনিত ভাঙঁন প্রতিরোধে প্রকল্প গ্রহণ করার জন্য অনুরোধ করেন। টেকসই উন্নয়নের উপর তিনি গুরুত্ব আরোপ করে তিনি বলেন, গত অর্থ বছরে যে সব রাস্তাঘাট নির্মাণ করা হয়েছে এবং যে সব রাস্তা বন্যায় ভেঙ্গে গেছে সেসব স্থানে রাস্তা সংস্কার করে প্যালাসাইডিং প্রকল্প নেওয়া যেতে পারে। এমনকি টিআর কাবিটা থেকে বাঁশ বা সাঁকো/কাঠের সেতু করার ব্যাপারে তিনি অনুরোধ করেন। অতপরঃ তিনি উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার জনাব ফৌজিয়া নাজনীন কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। তিনি উপস্থিত বিভাগীয় প্রধানগণ স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি বিভাগীয় প্রধানগণকে স্থায়ী কমিটি সমূহের নিয়মিত সভা করার অনুরোধ করেন। অতপরঃ গত ২৭/০১/২০২২ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী পাঠ শেষে কোন প্রকার প্রকার সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

অতপর বিগত সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নে অগ্রগতি পর্যালোচনা এবং বিভিন্ন বিভাগসমূহের উন্নয়ন কার্যক্রম সম্পর্কে আলোচনা ও পর্যালোচনা করা হয়। আলোচনা ও পর্যালোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | গত সভার সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে ধারাবাহিক বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনাকালে গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত ও যথাযথভাবে বাস্তবায়িত হওয়ায় উপস্থিত সকল সদস্য সন্তোষ প্রকাশ করেন। | সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নকারী কর্তৃপক্ষ কর্তৃক যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | বিভাগীয় প্রধান ও সংশ্লিষ্ট সকল। |
| ২ | কমিটির সুপারিশ সমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | উক্ত কমিটির কার্যবিবরণী সমূহে পর্যালোচনা করে দেখা যায় অত্র সভার কার্যবিবরণীতে অন্তরর্ভূক্ত করার কোন উল্লেখ যোগ্য বিষয় না থাকায় কোন সিদ্ধান্ত নেওয়া গেল না। | | |
| ৩ | আইন, বিধি, সার্কুলার ও প্রজ্ঞাপন অবহিতকরণ ঃ | আইন, বিধি, সার্কুলার ও প্রজ্ঞাপন না থাকায় এ বিষয়টি নিয়ে আলোচনা করা হয় নাই। | | |
| ৪ | মাননীয় সংসদ সদস্যের পরামর্শের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত | মাননীয় সংসদ সদস্য মহোদয়ের কোন পরামর্শ না থাকায় বিষয়টি নিয়ে আলোচনা হয় নাই। | | |

| ং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৫ | আয় ও ব্যায়ের হিসাব বিবরণী। | ৫.১। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ০১/০১/২০২২ খ্রিঃ থেকে ৩১/০১/২০২২ খ্রিঃ মাসের আয়- ব্যয়ের হিসাব বিবরণী ঃ<br>১। আয় অংশ (জানুয়ারি/২০২২) ঃ<br>১লা জানুয়ারি স্থিতি ঃ = ২৭,১৫,৫৬২/৬৬ (সাতাশ লক্ষ পনের হাজার পাঁচশত বায়ান্ন টাকা মাত্র)।<br>(ক) স্থাবর সম্পত্তি হস্তান্তর কর (১%) ঃ ৬,৫১,৫৩৯/- (ছয় লক্ষ একান্ন হাজার পাঁচশত উনচল্লিশ টাকা )।<br>(খ) বাসা ভাড়া ঃ ১০,২৩১/- (দশ হাজার দুইশত একত্রিশ টাকা )।<br>(গ) ধোবাউড়া বাসস্টেশন ইজারা টাকা জমা ১৫,,০০০/- (পনের হাজার টাকা মাত্র)।<br>(মোট আয় ৩৩,৯২,৩৩২/- (তেত্রিশ লক্ষ বিরানব্বই হাজার তিনশত বত্রিশ টাকা )।<br>৫.২। ব্যয় অংশ (জানুয়ারি/২০২২) ঃ<br>(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের সম্মানি ভাতা ঃ ৯৪,০০০/- (চুরানব্বই হাজার টাকা মাত্র)।<br>(খ) মালির দৈনিক মজুরী ঃ ১৭,০৫০/- (সতের হাজার পঞ্চাশ টাকা মাত্র)।<br>(গ) সুইপারের দৈনিক মজুরী বাবদ ঃ ১৭,০৫০/- (সতের হাজার পঞ্চাশ টাকা মাত্র)।<br>(ঘ) উপজেলা হাসপাতাল কমপ্লেক্সে দৈনিক ভিত্তিতে নিয়োজিত পরিচ্ছন্নকর্মীর বিল বাবদ ঃ ৮,৫২৫/- (আট হাজার পাঁচশত পঁচিশ টাকা মাত্র)<br>(ঙ) উপজেলাধীন বাকপাড়া ব্রীজে প্যালাসাইডিং ও বেড়ী বাঁধ নির্মাণ ঃ ১,০০,০০০/- (এক লক্ষ টাকা মাত্র)।<br>(চ) আপ্যায়ন বিল বাবদ ঃ ৩৮,০০০/- (আটত্রিশ হাজার টাকা মাত্র)।<br>(ছ) আনুসাঙ্গিক বিল বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র)।<br>(জ) জাতীয় দিবস উদযাপন উপলক্ষে ব্যয় ৪৭,০০০/- (সাতচল্লিশ হাজার টাকা মাত্র)<br>(ঝ) উপজেলাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে করোনা টিকা প্রদানের নিমিত্তে ভ্যাকসিন সরবরাহ বাবদ ঃ ১৩,৫০০/- (তের হাজার পাঁচশত টাকা মাত্র)।<br>(ঞ) উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের বকেয়া ভ্রমণ বিল বাবদ : ২,৩১,০০০/- (দুই লক্ষ একত্রিশ হাজার টাকা মাত্র)।<br>মোট ব্যয় ৫,৭১,১২৫/- (পাঁচ লক্ষ একাত্তর হাজার একশত পঁচিশ টাকা মাত্র)।<br>(আয় ৩৩,৯২,৩৩২/- - ব্যয় ৫,৭১,১২৫/-) = ২৮,২৯,০৫৭/- (আঠাশ লক্ষ উনত্রিশ হাজার সাতান্ন টাকা মাত্র)।<br>১লা ফেব্রুয়ারি স্থিতি ঃ = ২৮,২৯,০৫৭/- (আঠাশ লক্ষ উনত্রিশ হাজার সাতান্ন টাকা মাত্র)। | ৫.১। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের জানুয়ারি/২০২২ খ্রি. মাসের বিবিধ খাতের আয়, ব্যয় ও স্থিতি হিসাব পরিষদের সভায় উপস্থিত সদস্যগণ কর্তৃক সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ধোবাউড়া, ময়মনসিংহ।<br>২। মুখ্য নির্বাহী অফিসার<br>উপজেলা পরিষদ<br>ধোবাউড়া, ময়মনসিংহ। |

| ক্রঃ নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৬ | বিবিধ | (ক) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা (পক্ষে) বলেন, করোনা টিকাদান কর্মসূচী অগ্রাধিকার ভিত্তিতে চলছে। তাছাড়া হাসপাতালে নতুন ১১ জন ডাক্তার নিয়োগপ্রাপ্ত হয়েছেন। আশা করা যায় পূর্বের থেকে স্বাস্থ্য সেবা আরও জোরদার করা সম্ভব হবে মর্মে তিনি জানান। তাছাড়া ইপিআইসহ অন্যান্য টিকাদান কর্মসূচী স্বাভাবিকভাবে চলছে। হাসপাতালের এ্যাম্বুলেন্সটি নষ্ট হয়ে পড়ে আছে। এ ব্যাপারে সার্বিক সহোগিতা তিনি কামনা করেন। | করেনা টিকা কার্যক্রম সহ সকল কার্যক্রম সুন্দরভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ প: কর্মকর্তা ধোবাউড়া, ময়মনসিংহ। |
| | | (খ) উপজেলা কৃষি কর্মকর্তা বলেন, ২০২১-২২ অর্থ বছরের বোরো ধান আবাদ অর্জিত হয়েছে ১৩,৯২০ হেক্টর। অত্র উপজেলায় কৃষি যন্ত্রপাতি ভর্তুকী কর্মসূচির আওতায় যন্ত্রপাতি ক্রয়ের আবেদনপত্র গ্রহণ করা হচ্ছে এবং আবেদনপত্র গ্রহণের সময়সীমা ১৫/০৩/২০২২ খ্রি. পর্যন্ত। এ বছর মোট ১০টি যন্ত্রের উপর ভর্তুকী প্রদান করা হবে। তিনি আরও জানান যে, ধান কাটার সময় যাতে অত্র উপজেলার ভর্তুকী প্রাপ্ত কৃষকরা ধান কাটতে পারে এবং যত্রতত্র অন্য জেলা/উপজেলা থেকে ধান কাটার মেশিন প্রবেশ করতে না পারে এ ব্যাপারে উপস্থিত সকল জনপ্রতিনিধিগণ সহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে বিশেষভাবে অনুরোধ করা হয়। তাছাড়া সারের কোন সংকট নেই এবং সারের মনেটরিং জোরদার করা হচ্ছে। তাছাড়া চলতি অর্থ বছরে হাইব্রিড ও উফশী | অত্র উপজেলায় ভর্তুকী যন্ত্রপ্রাতি প্রাপ্তদের কে অগ্রাধিকার দিতে হবে। পাশাপাশি সার মনিটরিং আরও জোর দার করতে হবে। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার ধোবাউড়া, ময়মনসিংহ। |
| | | (গ) উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন, অত্র উপজেলায় মাছের কোন রোগ বালাইয়ের প্রাদুর্ভাব দেখা দেয়নি। অত্র দপ্তরের জনবলের সংকট। এ ব্যাপারের প্রয়োজনীয় সহযোগিতা কামনা করছি। তাছাড়া তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | জনবলের ব্যাপারে জেলা মৎস্য অফিস বরাবরে পত্র প্রেরণ করা যেতে পারে। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা ধোবাউড়া, ময়মনসিংহ। |
| | | (ঘ) উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা বলেন, বর্তমানে কোন সংক্রামক রোগের প্রাদুর্ভাব নেই। বিভিন্ন রোগের প্রাদুর্ভাব হতে গবাদিপ্রাণিকে রক্ষা করার জন্য ফ্রি টিকা প্রদান কার্যক্রম চলছে। তাছাড়া তাঁর দপ্তরের কোয়ার্টার ও অফিসের অবস্থা একেবারে নাজুক, বিভিন্ন জায়গা থেকে আস্তর খুলে পড়ছে এবং খুবই অস্বাস্থ্যকর পরিবেশে অফিস করতে হচ্ছে। আগামী বর্ষা মৌসুমের মধ্যে মেরামত করা না হলে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে মর্মে তিনি জানান। | বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনান্তে জেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে বিষয়টি অবহিতকরণ পূর্বক বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ধোবাউড়া, ময়মনসিংহ। |
| | | (ঙ) উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা বলেন, ইজিপিপি প্রকল্পের কাজ পূর্বের নির্দেশনা মোতাবেক আজকে শেষ দিন, সময় বৃদ্ধির চিঠি না পাওয়া পর্যন্ত আগামীকাল থেকে ইজিপির কাজ বন্ধ রাখার জন্য ইউপি চেয়ারম্যানগণ (সকল) কে অনুরোধ করেন। পাশাপাশি ২য় পর্যায়ে টিআর প্রকল্পের তালিকা দ্রুত রেজুলেশনসহ জমা দেওয়ার জন্য অনুরোধ করছি। তাছাড়া তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | অত্র উপজেলায় ইজিপিপি কার্যক্রম পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত কাজ বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। পাশাপাশি ২য় পর্যায়ে টিআর এর তালিকা দ্রুত উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসে জমা দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা ধোবাউড়া, ময়মনসিংহ। |

| নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | ২ | ৩ | ৪ | ৫ |
| | | (চ) উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, সারা দেশের ন্যায় বর্তমানে অত্র উপজেলায় বিদ্যালয়গুলো সরকারি নির্দেশনার আলোকে বন্ধ রয়েছে। আগামী ০২/০৩/২০২২ খ্রি. তারিখ বিদ্যালয় খোলার সদয় নির্দেশ পাওয়া গিয়েছে। তাছাড়া স্বাস্থ্য বিধি অনুসরণ করার জন্য সকলকে উদ্বুদ্ধ করা হচ্ছে। শিক্ষকগণের মধ্যে কোভিড ভ্যাকসিন গ্রহণের হার ১০০%। ১ম ও ২য় শ্রেণির শতভাগ বই পাওয়া গিয়াছে এবং শিক্ষার্থীদের মধ্যে বই বিতরণ করা হয়েছে। ৩য় ও ৪র্থ শ্রেণির বই শতভাগ পাওয়া যায় নাই, তাছাড়া ৫ম শ্রেণির কোন বই পাওয়া যায় নাই। বই প্রাপ্তি সাপেক্ষে বিতরণ করা হবে মর্মে তিনি জানান। | সরকারি নির্দেশনা মোতাবেক স্কুল কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। পাশাপাশি দ্রুত সময়ের মধ্যে বই সংগ্রহ করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার ধোবাউড়া, ময়মনসিংহ। |
| | | (ছ) উপজেলা যুব উন্নয়ন অফিসার বলেন, তাঁর দপ্তরে কার্যক্রম স্বাভাবিক ও যথারীতি চলছে। ২০২১-২২ অর্থ বছরে প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা ৪২০ জন। ফেব্রুয়ারি/২০২২ পর্যন্ত ২৭০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১৬,৩০,০০০/- টাকা। ফেব্রুয়ারি/২২ খ্রি. পর্যন্ত ৭,৫০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ১টি যুব সংগঠন রেজিষ্ট্রেশন করা হয়েছে। তাছাড়া জনবল না থাকায় করনে স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। | ঋণ বিতরণ ও আদায়ের কার্যক্রম আরও জোরদার করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ধোবাউড়া, ময়মনসিংহ। |
| | | (জ) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (চঃ দাঃ) বলেন, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তাছাড়া অত্র উপজেলায় ০৫টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র আছে। তন্মধ্যে ২টি মধ্যে বাউন্ডারি ওয়াল আছে, বাকি ৩টি মধ্যে বাউন্ডারি ওয়াল নাই। এ ব্যাপারে তিনি সার্বিক সহযোগিতা কামনা করেন। | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রের জন্য বাউন্ডারী ওয়াল নির্মাণের জন্য সংশ্লিষ্ট দপ্তরে পত্র প্রেরণের ব্যাপারে উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার ধোবাউড়া, ময়মনসিংহ। |
| | | (ঝ) উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তাছাড়া অত্র উপজেলা সমবায় কার্যালয়ে ১৬২ টি সমবায়, বিআরডিবিভূক্ত ১টি কেন্দ্রীয় ও ১৫৮ টি প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। বিভাগীয় সমবায়ের সদস্য সংখ্যা ১৭০৮৭ জন, সমিতির কার্যকরী মূলধন ১১২৩.০০ লক্ষ টাকা। চলতি মাস পর্যন্ত ১২টি অডিট সম্পন্ন হয়েছে। তাছাড়া ক্ষুদ্র নৃ-তাত্তিক জনগোষ্ঠির জীবন যাত্রার উন্নয়ন প্রকল্পে ২০০ জন সদস্যের ৫৩,৯৪,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। | ঋণ আদায় ও বিতরণ আরও জোরদার করতে হবে। | উপজেলা সমবায় অফিসার ধোবাউড়া, ময়মনসিংহ। |
| | | (ঞ) উপজেলা মধ্যামিক শিক্ষা কর্মকর্তা বলেন, অত্র উপজেলায় বিনামূলে বই সকল শিক্ষা প্রতিষ্ঠানে শত ভাগ বই বিতরণ করা হয়েছে। গত ২২/০২/২২ খ্রি. তারিখ হতে স্বাস্থ্য বিধি মেনে পাঠদান কার্যক্রম শুরু হয়েছে। অত্র উপজেলার ৮,৬৩৩ জন শিক্ষার্থীকে কোভিড টিকা প্রদান করা হয়েছে। প্রতিষ্ঠানে পরিদর্শন কার্যক্রম চলমান আছে। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | স্বাস্থ্য বিধি মেনে স্কুল পরিচালনা করতে হবে পাশাপাশি দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ধোবাউড়া, ময়মনসিংহ। |

| ক্রঃ নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | (ট) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। চলতি মাসে ঋণ আদায় হয়েছে ১.১০ (এক লক্ষ দশ হাজার) টাকা। অপরদিকে পিআরডিপি-৩ তে ২২টি ছোট ছোট কলাভার্ড করা হয়েছে। বর্তমানে গামারীতলা ইউপিতে আশ্রয়ন প্রকল্পে একটি সাবমার্সেবল পাম্প ও ১টি ওয়াশরুম তৈরী করা হবে মর্মে তিনি জানান। | আশ্রয়ন শিবিরে সাবমার্সেবল পাম্প ও ওয়াশরুম তৈরি করার ব্যাপারে উপস্থিত সকল সদস্য একমতপোষণ করেন। তাছাড়া ঋণ আদায় ও বিতরণ আরও জোরদার করতে হবে পাশাপাশি দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে হবে । | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>ধোবাউড়া, ময়মনসিংহ। |
| | | (ঠ) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন, অত্র উপজেলার ইউপি চেয়ারম্যানগণকে ভিজিডি খাদে খাদ্য শস্য প্রতি মাসের বরাদ্দ যথাসময়ে উত্তোলন করার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সংশ্লিষ্ট চেয়ারম্যানগণের দৃষ্টি কামনা করছি। আগামী মাসের মার্চ/২০২২ খ্রি. তারিখ থেকে খাদ্য বান্ধব (দশ) টাকা কেজির চাউলে কর্মসূচি চালু হবে। টিআর ও কাবিখাসহ অন্যান্য খাতে খাদ্য শস্য বিল বিতারণ করা হলে বাজারদর স্থিতিশীল থাকবে। | ইউপি চেয়ারম্যানগণকে যথাসময়ে বরাদ্দের চাউল/গম উত্তোলনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>ধোবাউড়া, ময়মনসিংহ। |
| | | (ড) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন, তাঁর দপ্তরে কার্যক্রম স্বাভাবিক গতিতে রয়েছে। তাছাড়া যথা সময়ে ভিজিডি বিতরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | ইউপি চেয়ারম্যানগণকে যথাসময়ে ভিজিডি বিতরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>ধোবাউড়া, ময়মনসিংহ। |
| | | (ঢ) উপজেলা প্রকৌশলী জানান, (১) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সংস্কার এবং মেরামত করার ব্যাপারে প্রস্তাব রাখেন।<br>(২) উপজেলা পরিষদের নন গেজেটেড কোয়ার্টারের করতোয়া-৬ এর ১৬নং বাসা মেরামত করার জন্য প্রস্তাব রাখেন।<br>(৩) উপজেলা পরিষদের নন গেজেটেড কোয়ার্টারের তিতাস-২ এর ০৪নং বাসা মেরামত করার জন্য প্রস্তাব রাখেন।<br>(৪) তিনি আরও জানান, উপজেলা প্রকৌশলীর অফিস মেরামত/রংকরণের জন্য প্রস্তাব রাখেন।<br>(৫) উপজেলা পরিষদের হলরুমের সংস্কার/মেরামত ও রংকরণের ব্যাপারে প্রস্তাব রাখেন।<br>(৬) উপজেলা পরিষদের গেজেটেড (যমুনা) কোয়ার্টার এর পূর্ব পার্শ্বে জানালায় মশার নেট স্থাপনের জন্য প্রস্তাব রাখেন।<br>(৭) উপজেলা পরিষদের নন গেজেটেড কোয়ার্টারের (ক) গড়াই এর পূর্ব পার্শ্বের কোয়ার্টার (খ) রুপসীর কোয়াটারের পূর্ব পার্শ্বে, (গ) কুশিয়ারা পশ্চিম পার্শ্বে (ঘ) কর্ণফুলীর পূর্বে পার্শ্বে, (ঙ) করতোয়া কোয়ার্টারের ১৪নং বাসা প্রয়োজনীয় মেরামত/সংস্কার করার জন্য প্রস্তাব রাখেন। (৮) উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান এঁর অফিস এবং ওয়াশরুম মেরামতের জন্য প্রস্তাব রাখেন।<br>২নং গামারীতলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আর্কষণ করে বলেন, গামারীতলা ইউনিয়নে মহিলা মার্কেটের বরাদ্দ মহিলাদের নামে বরাদ্দ হওয়ার কথা থাকলে অন্য জন ব্যবহার করছেন মর্মে তিনি জানান। | বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭ ও ৮নং নং প্রস্তাবগুলোর ব্যাপারে উপস্থিত সকল সদস্য একমতপোষণ করেন। পাশাপাশি পিআইসির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলাধীন মহিলা মার্কেটের বরাদ্দ মহিলাদের নামে বরাদ্দ দেওয়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে। যাতে করে তারা নিজেরা ব্যবসা পরিচালনা করে এ ব্যাপাটি নিশ্চিত করতে হবে। | ১। চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ধোবাউড়া, ময়মনসিংহ।<br>২। মুখ্য নির্বাহী অফিসার<br>উপজেলা পরিষদ<br>ধোবাউড়া, ময়মনসিংহ।<br>৩। উপজেলা প্রকৌশলী<br>ধোবাউড়া, ময়মনসিংহ। |

| ক্রঃ নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | (ণ) উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান বলেন, উপজেলা পরিষদের কোয়ার্টারগুলো অনেকদিন যাবৎ পরিত্যক্ত অবস্থায় আছে বিধায় উক্ত কোর্য়াটারগুলোতে ভাড়া নির্ধারণ করে দিতে পারলে উপজেলা পরিষদের রাজস্ব আয় কিছুটা বৃদ্ধি হতে মর্মে তিনি জানান। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা বাসা বাড়ি বরাদ্দ কমিটি সভায় বিষয়টি উপস্থাপন পূর্বক বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ ধোবাউড়া, ময়মনসিংহ।<br>২। মুখ্য নির্বাহী অফিসার উপজেলা পরিষদ ধোবাউড়া, ময়মনসিংহ।<br>৩। উপজেলা প্রকৌশলী ধোবাউড়া, ময়মনসিংহ। |

**উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন,** উপজেলা পরিষদের সকল দপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্ম পরিকল্পনা প্রনয়ন এবং বাস্তবায়ন করতে হবে।

**উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি** সমাপনী বক্তব্যে, স্থায়ী কমিটির সভায় বাস্তবমূখী সিদ্ধান্ত নিয়ে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় সুপারিশ আকারে উপস্থাপন করার জন্য আবারও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করেন। তিনি বিদ্যালয়গুলো হইতে ছাত্র/ছাত্রীদের ঝরে পড়া রোধে উপজেলা প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের নিয়ে মতবিনিময় সভা অহ্বান করার জন্য উপজেলা প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করেন। উপজেলা পরিষদের অফিসার (সকল) কে জনপ্রতিনিধিগণের সাথে সু সম্পর্ক বজায় রেখে কাজ করার জন্য বিশেষভাবে তিনি অনুরোধ করেন। তাছাড়া তিনি বলেন, উপজেলা নির্বাহী অফিসার সদ্য যোগদান করেছেন বিধায় তাঁকে সকল জনপ্রতিনিধিসহ, বিভাগীয় প্রধানগণকে সার্বিক সহযোগিতা/পরামর্শ প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করেন। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি বিভাগীয় প্রধানগণকে বিভাগীয় কার্যক্রম সরকারি নীতিমালা অনুযায়ী সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়নসহ কমিটির সিদ্ধান্তসমূহ সুপারিশ আকারে উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করতঃ নিয়মিতভাবে সভায় উপস্থিত থাকার অনুরোধসহ দক্ষতা ও আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

28/2/2022

(ডেভিড রানা চিসিম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ধোবাউড়া, ময়মনসিংহ।

স্মারক নং- ৪৬.০০.৬১১৬.০০০.০৬.০০১.২০১৮-০৪/১(৩৫)

তারিখ ঃ ২৮/০২/২০২২ খ্রি.

<u>সদয় অবগতি/অবগতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u> ঃ

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ময়মনসিংহ-১ (ধোবাউড়া ও হালুয়াঘাট)।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ঢাকা।
৪. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৫. জেলা ........................................................................ অফিসার, ময়মনসিংহ।
৬. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধোবাউড়া।
৭. উপজেলা .............................................................. অফিসার, ধোবাউড়া, ময়মনসিংহ।
৮. চেয়ারম্যান ............................................................ ইউনিয়ন পরিষদ (সকল), ধোবাউড়া, ময়মনসিংহ।
৯. জনাব ................................................................................................ ধোবাউড়া, ময়মনসিংহ।
১০. অফিস কপি।

28/02/22

(ফৌজিয়া নাজনীন)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও

## ২৮/০২/২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভায় উপস্থিতি ঃ

## পরিশিষ্ট - 'ক'

### উপস্থিত সদস্যগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০২ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৩ | চেয়ারম্যান, ১নং দক্ষিণ মাইজপাড়া ইউ.পি, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ২নং গামারীতলা ইউ.পি, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ৩নং ধোবাউড়া ইউ.পি, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ৫নং গোয়াতলা ইউ.পি, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ৬নং ঘোষগাঁও ইউ.পি, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ৭নং বাঘবেড় ইউ.পি, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |

### উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০২ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৩ | উপজেলা কৃষি অফিসার, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা , ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৫ | উপজেলা প্রকৌশলী, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকতা, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৭ | উপজেলা শিক্ষা অফিসার, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৮ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ০৯ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ১০ | উপজেলা সমবায় কর্মকর্তা, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ১১ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ১২ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ধোবাউড়া, ময়মনসিংহ। | স্বাক্ষরিত |

## পরিশিষ্ট '-খ'

### অনুপস্থিত সদস্য/কর্মকর্তা বৃন্দ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)।

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | সংরক্ষিত মহিলা সদস্য-১, উপজেলা পরিষদ, ধোবাউড়া, ময়মনসিংহ। | |
| ০২ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ধোবাউড়া ,ময়মনসিংহ। | |
| ০৩ | উপজেলা সমাজসেবা কর্মকতা, ধোবাউড়া, ময়মনসিংহ। | |
| ০৪ | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ ময়মনসিংহ -১। | |
| ০৫ | উপজেলা সহকারী প্রকৌশলী (সেচ) হালুয়াঘাট, ময়মনসিংহ। | |
| ০৬ | উপজেলা তথ্য কর্মকর্তা, ধোবাউড়া, ময়মনসিংহ। | |